

মাটির

ভৌত বৈশিষ্ট্যগুলো কী কী?

মাটির
এই বৈশিষ্ট্যগুলো মাটির
কার্যকারিতায় প্রভাব ফেলে।
আমূল, দেখে নেয়া যাক
মেগুলো কী এবং কেন
মেগুলো গুরুত্বপূর্ণ। মাটির
বৈশিষ্ট্যগুলো সম্পর্কে
প্রথমে জানি।



ভৌত

বৈশিষ্ট্য	ইহা কি?	ইহা কেন গুরুত্বপূর্ণ?
বুনট	মাটির কণাসমূহের (বালি, পলি ও কাদা) আকার ও অনুপাত মাটির বুনট নির্ধারণ করে। 	মাটির বুনট মাটির আচরণ, বিশেষত: এর পানি ও পুষ্টি ধারণ ক্ষমতায় প্রভাব ফেলে।
গঠন	মাটির কণাগুলো (বালি, পলি ও কাদা) একত্রে গুচ্ছাকারে থাকে এবং এই গুচ্ছগুলো আরো বড় গুচ্ছে পরিণত হয়ে মাটির একক তৈরি করে, যার নাম ped। 	মাটির গঠন বায়ু চলাচল, পানির প্রবাহ, তাপ পরিবহন, গাছের মূলের বিচরণ এবং মাটির ক্ষয়রোধে প্রভাব ফেলে। মাটির গঠনে পানির ভূমিকাই সবচেয়ে বেশী কেননা, খনিজ পদার্থ পানি দ্বারাই দ্রবীভূত হয় এবং চলাচল করে যা গাছের বৃদ্ধিতে ভূমিকা রাখে।
রঞ্জতা	মাটির আয়তনের যতটুকু অংশ পানি এবং বায়ু দ্বারা পূর্ণ হয় তাকেই মাটির রঞ্জীয় অংশ বলা যায়, এই অংশ জৈব বা খনিজ পদার্থ দিয়ে পূর্ণ থাকে না। সাধারণত: মাটির সম্পূর্ণ আয়তনের অর্ধেক অংশ জুড়ে থাকে এই রঞ্জীয় স্থান। 	বায়ুপূর্ণ স্থান গাছের মূল এবং মাটিস্থ জীবদের অক্সিজেন সরবরাহ করে। মাটির ছিদ্রপথ পানি এবং দ্রবীভূত পুষ্টি উপাদান চলাচল নিশ্চিত করে এবং তাদের আধার হিসেবে কাজ করে।
পানির অনুপ্রবেশ	মাটিতে পানির নিম্নমুখী গমন কে পানির অনুপ্রবেশ বলা হয়। 	পানির অনুপ্রবেশ মাটিতে পানির চলাচলের সক্ষমতা নির্ধারণ করে। মাটিতে পানি অস্থায়ীভাবে জমা থাকে, যা পরবর্তীতে গাছের জন্য উত্তোলন উপযোগী হয়।
রং	মাটিতে উপস্থিত খনিজ পদার্থ এবং জৈব উপাদানের পরিমাণ মাটির রং নির্ধারণ করে। মাটি বিচিত্র রং প্রদর্শন করতে পারে: ধূসর, কালো, সাদা, লাল, বাদামী, হলুদ এবং শর্ত বিশেষে সবুজ। মাটির বর্ণকে সাধারণভাবে "গাঢ় বাদামী" হিসেবে বর্ণনা করা হয় কিন্তু "মুনসেল কালার চার্ট" দিয়ে আরো সঠিকভাবে বর্ণনা করা সম্ভব। 	মাটির বর্ণ মাটির ব্যবহার বা আচরণকে বর্ণনা করেনা, তথাপি ইহা মাটির গঠনকে সূচিত করে এবং মাটির অবস্থা সম্পর্কেও ধারণা প্রদান করে।
মাটির আর্দ্রতা	মাটির আর্দ্রতা হলো মাটিতে সামগ্রিক পানির পরিমাণ। 	মাটির আর্দ্রতা খুবই গুরুত্বপূর্ণ যেহেতু ইহা মাটির পুষ্টির বাহক, তাপমাত্রা নিয়ন্ত্রক, অণুজীবের সক্রিয়তা দানকারী হিসেবে কাজ করে যা গাছের বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।
দৃঢ়তা	মাটির রঞ্জতা কমে যাওয়া অথবা বেড়ে যাওয়া। 	মাটির দৃঢ়তা মাটির কার্যক্রম ব্যাহত করে, মূলের চলাচল এবং পানি ও গ্যাস বিনিময়ে বাধা দেয়।

অধিকাংশ
বৈশিষ্ট্যগুলোই সাধারণ
কিছু উপকরণ দিয়ে
পরিমাপ করা যায়। মাটি
পরীক্ষার পদ্ধতি সম্বলিত
দিক নির্দেশনা
দেখুন!



আপনি জানেন কি,
দৃঢ় মাটির গঠন ৬০%
পর্যন্ত ফলন কমাতে
পারে?



Thanks to the financial support of

